



## জেএসসি পরীক্ষার্থীকে বহিষ্কার করায় শিক্ষককে পিটিয়ে জখম

নিজস্ব সংবাদদাতা, বাউফল, পটুয়াখালী, ৪ নবেম্বর ॥ নকল করা অপরাধে বহিষ্কৃত পরীক্ষার্থী, তার পিতা ও ভগ্নিপতি মিলে এক শিক্ষককে পিটিয়েছে। রবিবার দুপুর আড়াইটার সময় বগা বন্দরে পুলিশ তদন্ত কেন্দ্রের পিছনে এ ঘটনা ঘটেছে। পুলিশ ওই পরীক্ষার্থীকে গ্রেফতার করেছে।

বাউফল থানার ওসি খোন্দকার মোস্তাফিজুর রহমান জানান, গ্রেফতারকৃত ওই পরীক্ষার্থীর নাম হৃদয় হোসেন (১৪) পিতার নাম মোজাম্মেল মুখা। বগা ইউনিয়নের রাজনগন গ্রামে তার বাড়ি। হৃদয় বগা ইউনিয়ন মাধ্যমিক বিদ্যালয় থেকে চলতি বছর জেএসসি পরীক্ষায় অংশ নেয়। ঘটনার দিন ছিল ইংরেজী পরীক্ষা। বগা ডাঃ ইয়াকুব শরীফ ডিগ্রী কলেজ ভেন্যু থেকে ওই ছাত্র পরীক্ষা দিচ্ছিল। দুটুর ১২টার দিকে জেলা প্রশাসকের প্রতিনিধি নির্বাহী ম্যাজিস্ট্রেট রুনাল চাকমা ওই ভেন্যুও একটি পরীক্ষা কক্ষে প্রবেশ করেন এবং সন্দেহবশত ওই ছাত্রকে তল্লাশি করার জন্য কক্ষ পরিদর্শক ও সাবপুরা হাইস্কুলের গণিত বিষয়ের শিক্ষক আবদুল রব মুখাকে নির্দেশ দেন। সেই অনুযায়ী ওই ছাত্রের শরীর তল্লাশি করে নকল উদ্ধার করেন। এরপর নির্বাহী ম্যাজিস্ট্রেটের নির্দেশে ওই ছাত্রকে বহিষ্কার করা হয়। এতে ক্ষুব্ধ হন ওই ছাত্র। তিনি বাসায় গিয়ে তার বাবাকে বিষয়টি জানান। দুপুর দুইটার দিকে শিক্ষক আবদুল রব মুখা দায়িত্ব শেষে পরীক্ষার হল থেকে বগা বন্দরের বাসায় ফেরার পথে বগা পুলিশ তদন্ত কেন্দ্রের পিছনে বহিষ্কৃত পরীক্ষার্থী হৃদয়, তার বাবা মোজাম্মেল মুখা ও ভগ্নিপতি মনিরসহ ৫-৬ মিলে তার ওপর হামলা করে এবং লাঠি দিয়ে এলোপাতাড়িভাবে পিটিয়ে তাকে জখম করে। খবর পেয়ে তদন্ত কেন্দ্রের পুলিশ ঘটনাস্থলে গিয়ে বহিষ্কৃত পরীক্ষার্থী হৃদয়কে গ্রেফতার করে। এ সময় হৃদয়ের বাবা ও ভগ্নিপতি পালিয়ে যায়। এ ঘটনায় ওই দিন রাতে বাউফল থানায় শিক্ষক আবদুল রব মুখা বাদী হয়ে একটি মামলা দায়ের করেছেন।

Google বিজ্ঞাপনটিকে বন্ধ করেছে

অ্যাড্ দেখা বন্ধ করুন

এই বিজ্ঞাপনটি কেন? ⓘ

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকণ্ঠ ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,  
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাল্টিং ২০ টি লাইন),  
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
ই-মেইল: janakanthanews@gmail.com  
ই-জনকণ্ঠ: www.edailyjanakantha.com

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),

১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com

---